**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 28-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-TMS Meeting on Agri Sector :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে কিষাণ রেল পরিষেবাকে আরও শক্তিশালী করতে হবে। এই অঞ্চলের বিভিন্ন রাজ্যে উৎপাদিত সামগ্রীগুলি নিজেদের মধ্যে রপ্তানী করতে যাতে কোন ধরণের বাধার সম্মুখীন না হতে হয় সেই ধরণের ব্যবস্থা গড়ে তুলতে হবে। গতকাল উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক এর মন্ত্রী জোতিরাদিত্য সিন্ধিয়ার সভাপতিত্বে টিআইএফটি কার্যালয়ে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির টাস্ক ফোর্সের কৃষি ও উদ্যান বিষয়ক এক উচ্চ পর্যায়ের ভার্চুয়াল বৈঠকে একথা বলেন তিনি। বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও কৃষিমন্ত্রীগণ ভার্চুয়ালি উপস্থিত ছিলেন। বৈঠকে ডোনার মন্ত্রী শ্রী সিন্ধিয়া সিকিমের অর্গানিক ফার্মিং এর বিশেষ প্রশংসা করেন এবং এই অঞ্চলের অন্যান্য রাজ্যগুলিতে এই ফার্মিংকে জনপ্রিয় করার জন্য পরামর্শ দেন।

*************************

**Amit Sah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ গতকাল মুম্বাইয়ে ভারত সমুদ্র সপ্তাহের উদ্বোধন করেন। অনুষ্ঠানে শ্রী শাহ বলেন যে ভারতের সামুদ্রিক দৃষ্টিভঙ্গি নিরাপত্তা, স্থিতিশীলতা এবং আত্মনির্ভরতার উপর নির্ভরশীল। তিনি বলেন যে সাম্প্রতিক বছরগুলিতে গৃহীত ব্যাপক কাঠামোগত সংস্কারের কারণে ভারত একটি শক্তিশালী সামুদ্রিক শক্তি হিসেবে আবির্ভূত হচ্ছে।

#####Byte-Amit Saha#####

********************************

**Chat Puja :**

সূর্য দেবতাকে অর্ঘ্য প্রদান সূর্য প্রণাম ও গঙ্গা পূজার মধ্যে দিয়ে আজ শেষ হচ্ছে চার দিন ব্যপি ছট পুজা ব্রত উৎসব। এই উপলক্ষে আগরতলার লক্ষ্মীনারায়ন বাড়ি দিঘি, রাণীর পুকুর, আমতলীর কুড়ি পুকুর প্রভৃতি জলাশয়ে প্রচুর লোক সমাগম হয়। রাজ্যে বসবাসরত বিহার উত্তরপ্রদেশ, ঝাড়খণ্ডের পরিবার পরিজনরা নানা ফল, ফুল, ধূপ দীপ নিয়ে ঘাটে ঘাটে ভীড় করেছেন সূর্যোদয়ের আগে থেকে। ছট পুজা ব্রত উৎসবে পারিবারিক সুখ সমৃদ্ধি, আয়ুবৃদ্ধির মনোষ্কামনায় এই ব্রত উৎসব কার্তিক মাসের শুক্লাতিথির এক অন্যতম উৎসব।

*****************************

**CM-Task Force Meeting on Tourism :**

উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে পর্যটন শিল্পের প্রসারে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহাকে আহ্বায়ক করে গঠিত উচ্চ পর্যায়ের টাস্ক ফোর্সের বৈঠক গতকাল টিআইএফটি কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক এর মন্ত্রী জোতিরাদিত্য সিন্ধিয়ার সভাপতিত্বে এই বৈঠকে কেন্দ্রীয় সংস্কৃতি এবং পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত ছাড়াও উত্তর পূর্বাঞ্চলের বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীগন উপস্থিত ছিলেন। বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেন, খসড়া প্রতিবেদনে উত্তর-পূর্বাঞ্চলে পর্যটন শিল্পের বিকাশে পরিকল্পনা গ্রহণ সহ সম্ভাবনাময় ক্ষেত্রগুলির উপর বিস্তারিত আলোচনা করা হয়েছে। বৈঠকে কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন দপ্তরের মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মুখ্যমন্ত্রীদের নিজ নিজ রাজ্যের পর্যটন স্থানগুলির প্রচারের জন্য আন্তরিক উদ্যোগ নিতে আহ্বান জানান।

*****************************

**Governor-BSF :**

বিএসএফের ইস্টার্ন কমান্ডের এসডিজি মহেশ কুমার আগরওয়াল গতকাল তিনদিনের রাজ্য সফরে এসেছেন। শ্রী আগরওয়াল এবং বিএসএফ ত্রিপুরা ফ্রন্টিয়ার-এর আইজি অলক কুমার চক্রবর্তী পরে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি

নাল্লু, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, রাজ্য পুলিশের মহানির্দেশক অনুরাগ, মুখ্য সচিব জে কে সিনহার সঙ্গে বৈঠক করেছেন।

****************************

**Sukla Charan Noatia :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া গতকাল জোলাইবাড়ি ব্লকের আভাংছড়া ভিলেজের ঠাকুরছড়া হাইস্কুল পরিদর্শন করেন। তিনি স্কুলের শিক্ষক স্বল্পতা সহ বিভিন্ন সমস্যাগুলি সম্পর্কে অবগত হন এবং তা নিরসনে উদ্যোগ নেবেন বলে অভিভাবক এবং ছাত্রছাত্রীদের আশ্বস্ত করেন।

********************************

**Run for Unity :**

রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন উপলক্ষে পশ্চিম ত্রিপুরা জেলাশাসক কার্যালয়ে গতকাল এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ৩১শে অক্টোবর সকাল ৭টায় স্বামী বিবেকানন্দ ময়দানে জেলা প্রশাসন এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হবে। সকাল সাড়ে ৭টায় স্বামী বিবেকানন্দ ময়দান থেকে রান ফর ইউনিটি শুরু হবে। যা উমাকান্ত একাডেমি ময়দানে গিয়ে শেষ হবে।

***************************

**Rashtriya Ekta Diwas :**

রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষে গতকাল আগরতলা টাউন হলে ছবি আঁকা প্রতিযোগিতার আয়োজন করেছে রাজ্য পুলিশ। উপস্থিত ছিলেন আইজি মনচাক ইপ্পার, ট্রাফিক পুলিশের এসপি কান্তা জানগির প্রমুখ। প্রতিযোগিতায় ৩৮৮ জন ছাত্রছাত্রী অংশ নিয়েছে।

***************************

**Unity Promo Fest :**

গন্ডাছড়া মহকুমার নারকেলকুঞ্জে আগামী ৮ ও ৯ই নভেম্বর পর্যটন দপ্তরের উদ্যোগে ইউনিটি প্রোমো ফেস্ট অনুষ্ঠিত হবে। এই উৎসবের প্রস্তুতি খতিয়ে দেখতে ধলাই জেলার জেলা শাসক বিবেক এইচ বি গতকাল নারকেলকুঞ্জে যান। তিনি সেখানে পর্যটনের নতুন পরিকাঠামো নির্মানের অগ্রগতি সম্পর্কে খোঁজখবর নেন।

********************************

**Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রি সেলসিয়াস।

****************************